# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ৯. আমালেকের স্মৃতি চিরতরে মুছে দেওয়া

প্রাচীনকাল থেকে ফিলিস্তিনের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ‘আমালেক’ (Amalekites) জাতি বসবাস করতেন। কেরির অনুবাদে ‘অমালেক’ এবং অন্যান্য অনুবাদে ‘আমালেক’। তৌরাতে বারবার বলা হয়েছে যে, ঈশ্বর আমালেক জাতির স্মৃতি আকাশের নিচে থেকে চিরতরে মুছে দিবেন:

হিজরত/ যাত্রাপুস্তক ১৭/১৪ (মো.-১৩): “পরে মাবুদ মূসাকে বললেন... আমি আসমানের নিচে থেকে আমালেকের নাম (মূল ইংরেজি: আমালেকের স্মৃতি the remembrance of Amalek) নিঃশেষে মুছে ফেলব।”

দ্বিতীয় বিবরণ ২৫/১৯ (মো.-১৩): “অতএব তোমার আল্লাহ মাবুদ যে দেশ সত্ত্বাধিকারের জন্য তোমাকে দিচ্ছেন, সেই দেশে তোমার আল্লাহ মাবুদ চারিদিকের সকল দুশমন থেকে তোমাকে বিশ্রাম দেবার পর তুমি আসমানের নিচ থেকে আমালেকের স্মৃতি লোপ করিবে (the remembrance of Amalek); এই কথা তোমরা ভুলে যেও না।”

বাইবেল সমালোচকরা বলেন, এটা নিঃসন্দেহে একটা অমানবিক ও নৃশংস নির্দেশ। এখানে একটা জনগোষ্ঠীকে সমূলে নির্মূল করার, জাতিগত নিধন (Ethnic Cleansing) এবং ঢালাও গণহত্যার নির্দেশ দেওয়া হয়েছে। এ ছাড়া লক্ষণীয় যে, বাইবেলে শুধু আমালেক জাতিকে নিধন করার কথাই বলা হয়নি, বরং তাদের স্মরণ বা স্মৃতি আকাশের নিচে থেকে চিরতরে মুছে ফেলার কথা বলা হয়েছে। কিন্তু বাস্তবে বাইবেলের মধ্যে আমালেক প্রসঙ্গ লেখার ফলে আমালেকদের স্মৃতি আকাশের নিচে চিরস্থায়ী করা হয়েছে। কাজেই আমালেকদের স্মৃতি মুছে ফেলার কথাটা ভুল।[1]

## ফুটনোট

[1] http://infidels.org/library/modern/donald_morgan/flaws.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14149

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন